দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 AUG 2009
পৃষ্ঠা ১ ... ১

# সোয়াইন ফ্লু : আরো কিছু স্কুলে সতর্কতা

## স্কুল বন্ধের পরিস্থিতি হয়নি : শিক্ষামন্ত্রী

॥ বিবিসি ॥

সোয়াইন ফ্লুর কারণে ঢাকায় দুটি ইংরেজি মাধ্যম স্কুল বন্ধ করে দেয়ার পর আরো কিছু স্কুলে সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছে। বিভিন্ন স্কুল থেকে অভিভাবকদের কাছে পাঠানো পত্রে বলা হয়েছে, ফ্লুর উপসর্গ দেখা দিলে ছাত্রদের স্কুলে পাঠাবেন না। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, স্কুল বন্ধ করে দেয়ার মতো পরিস্থিতি হয়নি। এ রকম পরিস্থিতি হলে স্বাস্থ্য মন্ত্রণালয় জানাবে।

কিছু স্কুল কর্তৃপক্ষ স্কুলের প্রবেশের সময়ই ছাত্রদের দিকে নজর রাখার সিদ্ধান্ত নিয়েছে। এ ব্যাপারে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের প্রধান জিএম নিজাম উদ্দিন বলেন, আগেই তারা প্রস্তুতি নিয়েছিলেন। সে (২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## সোয়াইন ফ্লু

(প্রথম পৃঃ পর)

অনুযায়ী ফর্ম টিচার, ব্যাকআপ টিচার বা সেকশন হেড আজ সোমবার থেকে স্কুলের গেটে উপস্থিত থাকবেন। কোন ছাত্রের ফ্লুর উপসর্গ থাকলে অভিভাবকদের সাথে কথা বলে তাঁরা ছাত্রদেরকে হাসপাতালে বা বাড়িতে পাঠিয়ে দেবেন।

এ বিষয়ে আতঙ্কের কোন কারণ দেখছেন না মাস্টার মাইন্ড ইন্টারন্যাশনাল স্কুলের প্রধান ফখরুদ্দিন আহমেদ। তিনি বলেন, দেশে অতি কম লোকের মধ্যে সোয়াইন ফ্লু পাওয়া গেছে। এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই। কয়েকজন অভিভাবকও একই ধরনের মত পোষণ করেন। তবে কিছু অভিভাবক সন্তানকে পাঠাতে চান না বলে জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, গত শনিবার দুটি স্কুল (স্কলাসটিকা ও সানবীম) বন্ধ করে দেয়ার পর তিনি স্বাস্থ্যমন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে কথা বলেছেন। তারা শিক্ষামন্ত্রীকে জানিয়েছেন, স্কুল বন্ধ করে দেয়ার মত পরিস্থিতি হয়নি। স্কুল দুটি নিজস্ব সিদ্ধান্তে বন্ধ ঘোষণা করেছে। শিক্ষামন্ত্রী বলেন, স্কুল বন্ধ করার প্রয়োজন হলে স্বাস্থ্য মন্ত্রণালয় জানাবে।

### তিন মাসে সোয়াইন ফ্লুতে আক্রান্ত হতে পারে ৮০ হাজারেরও বেশী

আগামী তিন মাসে ৮০ হাজারেরও বেশি মানুষ সোয়াইন ফ্লুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হতে পারে বলে আশংকা করেছেন চিকিৎসকরা। এজন্য সরকারের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে বলে এটিএন বাংলাকে জানিয়েছেন রোগতত্ত্ব বিভাগের পরিচালক। তিনি জানান, এ জন্য রাজধানীতে পাঁচটি সরকারি ও ১৩টি বেসরকারি হাসপাতালের চিকিৎসক ও কর্মচারীদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। তিনি জানান, এই মুহূর্তে স্কুল বন্ধ দেয়ার মতো অবস্থা তৈরি হয়নি।

### সোয়াইন ফ্লুতে আরো একজন আক্রান্ত

আমাদের স্টাফ রিপোর্টার জানান, সোয়াইন ফ্লুতে গতকাল রবিবার আরো একজন আক্রান্ত হয়েছে। এই নিয়ে গতকাল পর্যন্ত সোয়াইন ফ্লুতে আক্রান্তদের সংখ্যা দাঁড়ালো ১০৩-এ। তাদের মধ্যে তিন বছরের একটি শিশুর অবস্থা আশংকাজনক। সে ঢাকার বাইরে একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে বলে মহাখালী আইইডিসিআর সূত্রে জানা যায়। এই প্রতিষ্ঠানের পরিচালক অধ্যাপক ডাঃ মাহমুদুর রহমান বলেছেন, দেশের সরকারি ও বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে সোয়াইন ফ্লু প্রতিরোধ কর্মসূচি সম্পর্কে বিস্তারিত জানানোর জন্য শিক্ষা মন্ত্রণালয়কে গতকাল আইইডিসিআর থেকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাধ্যমে চিঠি দেয়া হয়েছে।